

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০৪১.২৩ নথির বিষয়: Supply, installation, commissioning of e-flow meter and integration with Saidabad SCADA software near Soritola Pump

নোট: ১ নোটের বিষয়: Supply, installation, commissioning of e-flow meter and integration with Saidabad SCADA software near Soritola Pump

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৬/৯/২৩ ৬:১৭ অপরাহ্ন

ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটারের অধিক পরিশোধিত পানি ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মাধ্যমে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সাপাশো এর পানির ট্রান্সমিশন লাইনের স্ক্যাভা সিস্টেমের সাহায্যে সার্বক্ষণিক অনলাইন মনিটরিং এবং ফ্লো ও প্রেসার ম্যানেজমেন্টের মাধ্যমে প্ল্যান্ট গুলির পানি মডস জোন সমূহের ডিস্ট্রিবিউশন লাইনে সরবরাহ করা হচ্ছে। সাপাশো ফেজ-১ ও ২, পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার ও সাভার কেরানীগঞ্জ ওয়েল ফিল্ড প্ল্যান্ট, চাঁদনীঘাট ওয়াটার ওয়ার্কস প্ল্যান্ট সহ অর্থাৎ ০৫ (পাঁচ) টি প্ল্যান্টের উৎপাদিত পানির সৃষ্ট বিতরণ নিশ্চিত করতে প্ল্যান্টগুলোর ডেলিভারি/নেটওয়ার্ক প্রেসার ও পানির ফ্লো রেট সাপাশো এর পানির ট্রান্সমিশন নেটওয়ার্কের স্ক্যাভায় যুক্ত করা হয়েছে। যার ফলে প্রতিদিন অটোমেটিক মেসেজ সার্ভিস এর মাধ্যমে উল্লেখিত ০৫ (পাঁচ) টি প্ল্যান্টের প্রোডাকশন রিপোর্ট ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পাঠানো হচ্ছে। উল্লেখ্য, পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার হতে আগত পানি নয়াবাজার ক্রসিং (নোড এসটি-১৯/এ) হয়ে ফুলবাড়ীয়া ক্রসিং (নোড এসটি-১৮) এ সাপাশো নেটওয়ার্কের সাথে মিলিত হয়েছে। নোড এসটি-১৯/এ এবং নোড এসটি-১৮ এর মধ্য হতে ৬০০ X ৬০০ X ৪০০ ডায়ার টী ব্যবহার করে মডস জোন-২ এর ডিএমএ সুইপ চেম্বারে (ডিএমএ ২০৯/এ, ২০৯/বি) আন্তঃসংযোগ হয়েছে। এক্ষেত্রে নেটওয়ার্ক ও ডিএমএ এর আন্তঃসংযোগ স্থলে চেম্বার নির্মান করতঃ ই-ফ্লোমিটার, আরটিইউ স্থাপন করে সাপাশো এর স্ক্যাভা সিস্টেমে যুক্ত করা হলে নেটওয়ার্ক হতে বের হওয়া পানির প্রকৃত পরিমান বের করা সম্ভব হবে। সেক্ষেত্রে নেটওয়ার্কের Water Balance ও NRW calculation করা সহজ হবে। আলোচ্য কাজে চেম্বার নির্মান করতঃ সংযোগকারী ৩০০ মিঃমিঃ ব্যাসের এইচডিপিই পাইপ কম-বেশী ৩ মিটার পিছনের দিকে (পশ্চিম দিক) সরিয়ে ফ্লাঞ্জ এডাপ্টর, এমএস টী প্রভৃতি ব্যবহার করে পুনরায় সংযোগ করতে হবে, যা প্রস্তাবিত ড্রইয়ে দেখানো হয়েছে। আলোচ্য কাজ করার জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্ত ক্রমিক নং-৬) প্রস্তুত করা হয়েছে। এখানে উল্লেখ্য, নথি উপস্থাপন কালে Supply, installation, commissioning of e-flow meter and integration with Saidabad SCADA software near Soritola Pump নামটি অধিকতর যথাযথ প্রতীয়মান হওয়ায় ক্রয় পরিকল্পনায় প্রদত্ত Supply & installation of e-PRV related 02 (two) set butterfly valves & other equipments of SWTP transmission Network near Soritola Pump নামের পরিবর্তে আলোচ্য নামে প্রস্তাব করা হয়েছে, যা সংশোধিত ক্রয় পরিকল্পনায় সংশোধন করা হবে।

সংযুক্তিসমূহ (৬):

- ১। সংযুক্ত ক্রমিক নং- ০১। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট ও অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ২। সংযুক্ত ক্রমিক নং- ০২। আলোচ্য কাজের প্রস্তাবিত নকশা।
- ৩। সংযুক্ত ক্রমিক নং- ০৩। আলোচ্য কাজের প্রস্তাবিত চেম্বারের পূর্বানুমোদিত নকশা ও ক্যালকুলেশন।
- ৪। সংযুক্ত ক্রমিক নং- ০৪। আলোচ্য কাজের অনুমোদিত দরের ফটোকপি।
- ৫। সংযুক্ত ক্রমিক নং- ০৫। আলোচ্য কাজের প্রয়োজনীয় মালামালের টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৬। সংযুক্ত ক্রমিক নং- ০৬। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৬/৯/২৩ ৬:১৯ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে অনুমোদিত দরের ভিত্তিতে এবং টেকনিক্যাল স্পেসিফিকেশন মোতাবেক একটি প্রাক্কলন (সংযুক্ত ক্রমিক নং-৬) প্রস্তুত করা হয়েছে, যাতে সর্বমোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৮২৪,০৫,৩৮৯/- (চব্বিশ লক্ষ পাঁচ হাজার তিনশত ঊনব্বই মাত্র) টাকা। আলোচ্য কাজের ব্যয়ভার সাপাশো রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের পিআরডি এন্ড ফ্লো-মিটার ক্রয় (কোড ০২-০১-০১১) খাত হতে বহন করা হবে। যা সাপাশো রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১২, প্যাকেজ নং- G-05 এ Supply & installation of e-PRV related 02 (two) set butterfly valves & other equipments of SWTP transmission Network near Soritola Pump নামে অন্তর্ভুক্ত আছে। যা সংশোধিত ক্রয় পরিকল্পনায় Supply, installation, commissioning of e-flow meter and integration with Saidabad SCADA software near Soritola Pump নামে অন্তর্ভুক্ত করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৬/৯/২৩ ৬:২০ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবান মাধ্যমে বর্ণিত কাজটি সম্পাদন করা যেতে পারে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD e-PG2-2A/2B অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহবান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৬/৯/২৩ ৬:২৩ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply, installation, commissioning of e-flow meter and integration with Saidabad SCADA software near Soritola Pump শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে :-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৮২৪.০৫,৩৮৯/- (চব্বিশ লক্ষ পাঁচ হাজার তিনশত ঊননব্বই মাত্র) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের পিআরভি এন্ড ফ্লো-মিটার ফ্রয় (কোড ০২-০১-০১১) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
২৬/৯/২৩ ৬:২৩ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৭/৯/২৩ ১২:০৩ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৭/৯/২৩ ৩:১৭ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৭/৯/২৩ ৩:১৭ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৭/৯/২৩ ৪:০১ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

	
২৭/৯/২৩ ৪:০১ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২৭/৯/২৩ ৪:০১ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৭/৯/২৩ ৪:০২ অপরাহ্ন

অনুমোদিত

			
২৭/৯/২৩ ৪:০২ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৭/৯/২৩ ৮:০৪ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/১০/২৩ ৪:০২ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২/১১/২৩ ৯:২৬ পূর্বাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)